

তাঁর অবস্থান্তর ঘটে। কিন্তু সেইদিন অর্ধরাতে তিনি আবার ফিরে আসে ডাক্তারের কাছে— ‘নিশীথে’ গল্পের এই বৃত্তাকার গঠনকে তুমি কীভাবে পড়তে চাও জানাও।

- ৫। ‘এ গদ্য-লিরিক। আলঙ্কারিকদের মতে আখ্যায়িকা।’— ‘ডাকঘর’ প্রসঙ্গে এই মন্তব্যের সার্থকতা বিচার করো।

অথবা

- ৬। প্রকৃতি ও ডাকঘর সমার্থক। পাঠক হিসাবে এমন কোনো অনুভব কি ‘ডাকঘর’ পড়তে পড়তে হয় তোমার? আলোচনা করো।
- ৭। ‘বিনোদিনী’ পাল্টে উপন্যাসের নাম ‘চোখের বালি’ রেখেছিলেন রবীন্দ্রনাথ। এই নামবদল কি যথাযথ মনে কর তুমি? যুক্তিসহ লেখো।

অথবা

- ৮। ‘চোখের বালি’ সম্পর্কে বলা হয়েছিল এর দুটি মাত্র পরিণতি হতে পারত, — হয় ‘সর্বনাশ’, নয় বিহারীর সঙ্গে বিনোদিনীর মিলন। তোমারও কি একই মত? নাকি অন্য কোনও ভাবনা রয়েছে তোমার —সবিস্তার জানাও।

কলা স্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : ইউ. জি – ৪.২

রবীন্দ্র সাহিত্য (পর্ব ১)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান।

- ১। প্রথমে গভীর এক সংকটের বিবৃতি এবং তারপর সেই সংকট থেকে বেরিয়ে আসার সম্ভাবনা নিয়ে গড়ে উঠেছে একই দিনে লেখা তিনটি চতুর্দশপদী। ‘মানসী’ কাব্যগ্রন্থের পাঠ্য কবিতা তিনটি মাথায় রেখে রবীন্দ্রনাথের এই বিচিত্র প্রয়াসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

- ২। ‘সোনার তরী’ বই-এর ‘হৃদয়-যমুনা’ কবিতার ভাববস্তু বিশ্লেষণ করে দেখাও প্রথম স্তবকের সাধারণ একটি ডাক, ক্রমশ কীভাবে মরণের আহ্বান হয়ে উঠেছে।
- ৩। সকাল থেকে মেঘাচ্ছন্ন আকাশ তারপর টিপ্ টিপ্ বৃষ্টি এবং অবশেষে প্রবল দুর্যোগ ‘একরাত্রি’ গল্পের এ সবই কি কেবল কথক আর সুরবালার সাক্ষাৎ-সম্ভাবনা বাস্তবায়িত করার জন্য, নাকি আখ্যান নির্মাণে এর অন্য কোনো তাৎপর্যও আছে? যুক্তিসহ তোমার মত জানাও।

অথবা

- ৪। মাঝরাতে খানিকটা বিভ্রান্ত অবস্থায় দক্ষিণাচরণ ডাক্তারকে নিজের সমস্যার কথা বলতে আরম্ভ করেন। দিনের আলো ফোটার সঙ্গে সঙ্গে